# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫২৮৩

পর্ব-২৬: মন-গলানো উপদেশমালা (كتاب الرقَاق)

পরিচ্ছেদঃ তৃতীয় অনুচ্ছেদ - আশা আকাঙ্ক্ষা ও উদ্বেগ প্রসঙ্গ

اَلْفصْلُ الثَّالِثُ ـ (بَاب الأمل والحرص)

আরবী

وَعَنْ زَيْدِ بْنِ الْحُسَيْنِ قَالَ: سَمِعْتُ مَالِكًا وَسُئِلَ أَيُّ شَيْءٍ الزُّهْدُ فِي الدُّنْيَا؟ قَالَ: طِيبُ الْكَسْبِ وَقِصَرُ الْأَمَلِ. رَوَاهُ الْبَيْهَقِيُّ فِي «شعب الْإِيمَان»

اسناده ضعیف ، رواه البیهقی فی شعب الایمان (10779 ، نسخۃ محققۃ : 10293) *
زید بن الحسین مجھول : لم اجد من وثقہ ۔
(ضَعِيف)

বাংলা

৫২৮৩-[১৬] যায়দ ইবনুল হুসায়ন (রহিমাহুল্লাহ) হতে বর্ণিত। তিনি বলেন: আমি ইমাম মালিক (রহিমাহুল্লাহ)-কে বলতে শুনেছি। একদিন তাঁকে জিজ্ঞেস করা হলো, দুনিয়াতে “যুহদ” বা পরহেজগারি কাকে বলে? উত্তরে তিনি বলেন, হালাল উপার্জন এবং আকাঙ্ক্ষা ছোট করা। (বায়হাকী’র শুআবুল ঈমান)

ফুটনোট

যঈফ : সানাদে যায়দ ইবনুল হুসায়ন আছে, কিন্তু এটা ভুল। সঠিক হলো হাসান। আর সে যায়দ ইবনু হাসান ইবনু যায়দ ইবনু উমায়রিক আল হুসায়নী। আল মীযান কিতাবে যাহাবী এভাবেই উল্লেখ করেছেন। আর মালিক থেকে হাদীস বর্ণনা করেছে। আর বলেছেন, এটি মুনকার। মালিক থেকে তাকে চেনা যায় না। আর সে ৪০টি হাদীস তৈরি করেছে। ইবনুল জাওযী বলেন, সে ছিল মিথ্যুক। তৈরিকারী ও দাজ্জাল। আস সুনানুল কুবরা লিল বায়হাকী ১০৭৭৯, হিদায়াতুর রুওয়াত ৫/৪৬ পৃ. ৫২১২নং।

ব্যাখ্যা

ব্যাখ্যা : পূর্বের হাদীসের ব্যাখ্যায়(الزُّهْدُ فِي الدُّنْيَا) দুনিয়া বিরাগীকে পরহেজগার অর্থে প্রকাশ করা হয়েছে। পরহেজগারির মেরুদণ্ড হলো হালাল রুযী, যার রুযী হালাল নয় সে কষ্মিনকালেও পরহেজগারিতার উপর দাঁড়াতে পারবে না।
অতএব পবিত্র এবং হালাল উপার্জন বা খাদ্য এবং পানীয় তাকে উপকারী ‘ইলম ও নেক আমলের ওয়ারিস বানিয়ে দিবে। আল্লাহ তা'আলা তার রসূলকে বলেছেন, “তোমরা পবিত্র বস্তু খাও এবং নেক আ'মাল কর।” (সূরা আল মু'মিন ৪০: ৫১)।

অতএব এ হাদীসে হালাল রুযীকে(الزُّهْدُ فِي الدُّنْيَا) এর প্রথম উপাদান হিসেবে ঘোষণা করা হয়েছে। দ্বিতীয়টি হলো- দুনিয়ার আকাঙ্ক্ষা বা কামনা-বাসনাকে খাটো করা। এটা মানুষকে দ্রুত মৃত্যু এসে যাওয়ার ভয়ে অধিক আমলে উদ্বুদ্ধ করে এবং পরকালের পুরস্কার প্রাপ্তিতে আগ্রহান্বিত করে।
‘আল্লামাহ্ ত্বীবী (রহিমাহুল্লাহ) বলেন, প্রকৃত(الزُّهْدُ فِي الدُّنْيَا) হলো হালাল খাদ্য গ্রহণ, হালাল বস্ত্র পরিধান, স্বল্প রুযীতেই পরিতুষ্ট থাকা এবং দুনিয়ার আশা-আকাঙ্ক্ষাকে খাটো করে রাখা। (মিরক্বাতুল মাফাতীহ; আল কাশিফ ১০ম খণ্ড, ৩৩২৬ পৃ.)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ যায়দ ইবনুল হুসায়ন (রহ.)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=85262

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন